



স্মৃতিতে

যুবসমাজে

সম্পাদনা

সুব্রত পাল | মোনাব মণ্ডল

সাহিত্যে যুবসমাজ

সম্পাদনা
সুব্রত পাল
মোনাব মণ্ডল

দুর্গেশ্বর

SAHITYA JUBOSAMAJ
Edited by Subrata Paul & Monab Mondol
Published in January 2021

ISBN
978-93-81858-51-78-3

প্রথম প্রকাশ
জানুয়ারি ২০২১

গ্রন্থস্বত্ব
লেখক

প্রকাশক
গুণেন শীল
পত্রলেখা
১০ বি কলেজ রো
কলকাতা ৯
চলভাষ ৯৮৩১১১০৯৬৩

বর্ণসংস্থাপক
অ্যাডওয়েভ কমিউনিকেশন
কলকাতা ৩৬

মুদ্রক
ভারতী প্রিন্টার্স
কলকাতা ১১৮

প্রচ্ছদ
মৃগাল শীল

দাম : ২০০.০০

সূচিপত্র

গবেষণাধর্মী প্রবন্ধ : উপন্যাস

নারায়ণ গঙ্গোপাধ্যায়ের 'মহানন্দা' : স্বপ্ন, আদর্শ ও বাস্তবের সংঘাত	
— অহনা রায়	৯
আবু ইসহাকের 'সূর্য দীর্ঘল বাড়ী' : জীবনসংগ্রামের বহুমুখী আলোচনা	
— মানিক মৈত্র	১৮
সমরেশ মজুমদারের 'কালপুরুষ' : অর্ক যুবসমাজের অগ্রদূত	
— পিংকি বর্মন	২৪
নরেন্দ্রনাথ মিত্রের চেনামহল : জীবন ও জীবিকায় অস্থিরতা	
— মহাদেব মণ্ডল	৩০
অতীন বন্দ্যোপাধ্যায়ের 'উত্তাপ' : যুবসমাজের এক উত্তাপময় মানসিকতার পরিবর্তন	
— সুব্রত দাস	৩৮

গবেষণাধর্মী প্রবন্ধ : ছোটগল্প

রবীন্দ্রনাথের 'স্ত্রীরপত্র' : একটি সূক্ষ্ম বিশ্লেষণ	
— অনুপ বসাক	৪৩
নরেন্দ্রনাথ মিত্রের 'বিকল্প' : বিকল্প প্রেমিকের সন্ধানে	
— আলম সরকার	৫১
প্রেমেন্দ্র মিত্রের গল্প : প্রসঙ্গ অবশ্যই, অধঃপতিত যুবসমাজের চিত্র	
— মুগাল কান্তি রায়	৬০
অমিয়ভূষণ মজুমদারের নির্বাচিত ছোটগল্পে যুবসমাজ	
— সুবর্ণা সেন	৬৭
নারায়ণ গঙ্গোপাধ্যায়ের নির্বাচিত ছোটগল্প : প্রসঙ্গ যুদ্ধোত্তরকালের সংকটাপন্ন যুবসমাজ	
— নিরু বর্মন	৭৩
দীপেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের ছোটগল্প : প্রসঙ্গ যুবমনের সংকট ও উত্তরণ	
— সুব্রত পাল	৮১
তারশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের 'নারী ও নাগিনী' : দেশজ পেশার অন্তরালে	
মনস্তাত্ত্বিক দ্বন্দ্বের জটিলতা	
— রাব্বীনুর আলী	৯১
মহাশ্বেতা'র 'মৌল অধিকার ও ভিখারি দুসাদ' : মৌলিক অধিকারের লড়াই	
— মোনাব মণ্ডল	১০০

দীপেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের ছোটগল্প :

প্রসঙ্গ যুবমনের সংকট ও উত্তরণ

সুব্রত পাল

রাজনৈতিক আবহের মধ্যে বেড়ে ওঠা দীপেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের (১০ই নভেম্বর, ১৯৩৩-১৪ই জানুয়ারি, ১৯৭৯) কাছে রাজনীতি ছিল জীবনেরই অংশরূপ। ভারতবর্ষের প্রবল রাজনৈতিক অস্থিরতাঘন সময়কালের (দ্বিতীয় বিশ্বযুদ্ধ, মধ্যযুগ, দাঙ্গা, দেশভাগ, ভারত-চীন যুদ্ধ, হাংরি আন্দোলন, কমিউনিস্ট পার্টির বিভাজন, ভারত-পাক যুদ্ধ, নকশাল ও কৃষক আন্দোলন, বাংলাদেশের মুক্তিযুদ্ধ) মধ্য দিয়েই তাঁর পঁয়তাল্লিশ বছরের স্বল্পায়ু জীবন কেটে গেছে। সমকালীন অস্থিরতাই তাঁকে সাহিত্য রচনার প্রেরণা দিয়েছিল, সাধারণ মেহনতি মানুষের দুঃখ-যন্ত্রণা তাকে বিচলিত ও পীড়িত করেছিল। পঞ্চাশের দশকের শেষে ও ষাটের দশকের শুরুতে বাংলা গল্পসাহিত্য জগতে 'ছোটগল্প, নতুন রীতি' ধারায় দীপেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় একজন অন্যতম ধারক ও বাহক। এই সময়ের মধ্যেই তাঁর চর্যাপদের হরিণী (১৯৬০), অশ্বমেধের ঘোড়া (১৯৬৩), হওয়া না-হওয়া (১৯৭২) গল্পগ্রন্থের প্রায় সব গল্পই রচিত হয়েছিল। কমিউনিজমের আদর্শে বিশ্বাসী দীপেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় রাজনীতি ও সাহিত্যকে এক সূত্রে বেঁধে ছিলেন। তিনি উপলব্ধি করেছিলেন, রাজনীতি ও সাহিত্য উভয়ের মিলিত রূপেই জীবনের সমগ্রতা ফুটে ওঠে। সমাজের প্রতি দায়বদ্ধতাকে তিনি কখনও অস্বীকার করতে পারেন নি। একদিকে তিনি ছিলেন অনুভূতিপ্রবণ ব্যক্তি অন্যদিকে সংবেদনশীল সাহিত্যিক।

দীপেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় সমকালীন রাজনৈতিক, অর্থনৈতিক ও সামাজিক সংকটকে গভীরভাবে উপলব্ধি করেছেন এবং উপলব্ধিজাত হৃদয়ের আর্তিকে সাহিত্যকর্মের মধ্য দিয়ে পাঠকের কাছে পরিবেশন করেছেন। মধ্যবিত্ত ও নিম্ন-মধ্যবিত্ত যুবসমাজের দুঃখ-যন্ত্রণা, একাকিত্ব, দ্বিধা-দ্বন্দ্ব, লজ্জা, ভয়, হীনমন্যতা, আশ্রয়হীনতা, মানসিক দুর্বলতা ও মনস্তাত্ত্বিক সংকটের চিত্রকে দীপেন্দ্রনাথ তাঁর ছোটগল্পে নিজস্ব দৃষ্টিভঙ্গিতে তুলে ধরেছেন। তিনি শুধুমাত্র যে সমস্যার চিত্র অঙ্কন করেছেন তা নয়, পাশাপাশি সমাধানের পথও অন্বেষণ করেছেন। অর্থাৎ যুবমনের সংকটের চিত্রের পাশাপাশি তা থেকে উত্তরণের বার্তাও প্রদান করেছেন, এখানেই তাঁর ছোটগল্পের সার্থকতা। এখন কয়েকটি গল্পের বিশ্লেষণ করে দীপেন্দ্রনাথের দৃষ্টিতে কিভাবে যুবমনের সংকট থেকে উত্তরণ ঘটেছে, তা আলোচনা করা হবে।

'মাম' (১৩৬৫, পরিচয়) গল্পে বিষ্টচরণ চরিত্র উপস্থাপনের মধ্য দিয়ে গল্পকার